দৈনিক সংবাদ 12

তারিখ ... ১৬.৯.৯১
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭

২২

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৫ই সেপ্টেম্বর।— উত্তেজনাপূর্ণ পরিস্থিতির মুখে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ কলেজ বন্ধ ঘোষণা করেছেন। একাডেমিক কাউন্সিল প্রায় একটানা ৪৮ ঘন্টা বৈঠকের পর গতকাল রাত ৩ টায় কলেজ বন্ধের ঘোষণা দেন। আবাসিক ছাত্রছাত্রীদের আজ সকাল ৮টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়া হয়। তবে পরীক্ষার্থীরা হলে অবস্থান করতে পারবে।

কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী সাধারণ ছাত্রছাত্রীরা হল ত্যাগের সময় একদল সশস্ত্র যুবক ক্যাম্পাসের বাইরে তাদের ওপর হামলা চালায়। বাস ও রেলস্টেশনেও ঘরমুখো ছাত্রদের ওপর হামলার ঘটনা ঘটে। বিক্ষিপ্ত এসব ঘটনায় ৫/৬ জন ছাত্র আহত হয়। এছাড়া মাহফুজ, রাবী ও শামীম নামে ৩ জন দলীয় কর্মীকে অস্ত্রের মুখে অপহরণ করা হয়েছে বলে ছাত্রলীগ (শা-অ) দাবী করেছে। চমেক শাখা ছাত্রলীগ অভিযোগ করে যে, বিপ্লব, সিরাজ, দীদার ও শুভ্রের নেতৃত্বে একদল অস্ত্রধারী যুবক আজ ছাত্রলীগ কর্মী বখতিয়ারকে মারাত্মকভাবে আহত করে। স্থানীয় জনগণ তাকে উদ্ধার করে ক্লিনিকে ভর্তি করেছে।

গত বৃহস্পতিবার সকালে কলেজ

চট্টগ্রাম মেডিক্যাল : পৃঃ ৭ কঃ ৪।

## চট্টগ্রাম মেডিক্যাল কলেজ বন্ধ

(১ম পাতার পর)

শাখা ছাত্রলীগের এক মিছিলে একদল সশস্ত্র তরুণ অতর্কিত আক্রমণ চালায়। এতে ৮ জন আহত হয়। এই ঘটনার পর কলেজ পরিস্থিতির অবনতি ঘটে। ঘটনার সাথে জড়িত থাকার কারণে বিপ্লব, শুভ্র, সিরাজ, দীদার ও শাহীন নামে ৫ জনকে গ্রেফতার করা হয়েছিল। শুক্রবার রাতে কলেজ ছাত্রাবাস ও অধ্যক্ষের কক্ষেও সশস্ত্র হামলা হয়। এতে ছাত্রলীগ কর্মীদের ৬টি কক্ষ এবং অধ্যক্ষের কক্ষ ব্যাপকভাবে ভাংচুর ও তছনছ করা হয়। কলেজ কর্তৃপক্ষ এ ব্যাপারে পাঁচলাইশ থানায় একটি মামলা দায়ের করেন। কলেজ অধ্যক্ষ এসব ঘটনার জন্য ছাত্রলীগ ও ছাত্রদলকে দায়ী করেন।

পরিস্থিতি ক্রমশ অবনতির দিকে যেতে থাকায় ও অনিবার্য সংঘর্ষের আশংকায় কর্তৃপক্ষ উভয় সংগঠনের সঙ্গে বৈঠকের আয়োজন করেন। শুক্রবার রাত আড়াইটা থেকে ভোর ৬টা ও গতকাল শনিবার বেলা আড়াইটা থেকে বিকেল ৬টা এবং রাত ১১টা থেকে ৩টা পর্যন্ত একাডেমিক কাউন্সিলের বৈঠক হয়। বৈঠকে ছাত্রদল যোগ দেয়নি। ফলে সিদ্ধান্ত হতে পারেনি। এ অবস্থায় একাডেমিক কাউন্সিল রাত ৩টায় ক্যাম্পাসে শান্তি-শৃংখলা রক্ষা ও পরিস্থিতির অবনতি রোধে আজ রোববার থেকে অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেন।

তবে পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। ক্যাম্পাস ও ছাত্রাবাস এলাকায় কোন রাজনৈতিক সভা-সমাবেশ ও মিছিল নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে; কিন্তু অনুমতি সাপেক্ষে ধর্মীয় সমাবেশ হতে পারবে।

### ছাত্রদল নেতার মুক্তিলাভ

জাতীয়তাবাদী ছাত্রদল চমেক শাখার ক্রীড়া সম্পাদক রাশেদুন-নবী খান বিপ্লব আজ সকাল ৯টায় চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার থেকে জামিনে মুক্তিলাভ করেছেন। তাকে গতকাল বৃহস্পতিবার কলেজ ক্যাম্পাস থেকে অস্ত্রসহ গ্রেফতার করা হয়েছিল।